**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 22-07-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ এক পেড় মা কে নাম' অভিযানে সচিবালয় প্রাঙ্গনে বৃক্ষরোপণ কর্মসূচীতে অংশ নেন।**

**(২) বিচারপতি মামিদান্না সত্যরত্ন শ্রী রামাচন্দ্র রাও আজ ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি হিসেবে শপথ নিলেন।**

**(৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ বলেছেন যে দেশ ও সমাজের জন্য জীবন উৎসর্গ করাই জীবনযাপনের সর্বোত্তম উপায়।**

**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল যুক্তরাজ্য সফরে যাচ্ছেন।**

**(৫) রাখাল শিল্ড নকআউট ফুটবল প্রতিযোগিতার ফাইনালে শেষ খবর পাওয়া পর্যন্ত ফরোয়ার্ড ক্লাব ২-০ গোলে এগিয়ে রয়েছে।**

****************************************

**Ek Ped Maa Ke Naam–CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা এক পেড় মা কে নাম' অভিযানের অঙ্গ হিসেবে আজ আগরতলায় সচিবালয় প্রাঙ্গনে বৃক্ষরোপণ কর্মসূচীতে অংশ নেন। মুখ্যমন্ত্রী বলেন বৃক্ষরোপণ পরিবেশ রক্ষার সংকল্পকে আরও এক ধাপ এগিয়ে নিয়ে যায়। সমাজের প্রতিটি নাগরিক পরিবেশ রক্ষায় ভূমিকা পালন করুক, সেটাই সরকারের প্রত্যাশা। তিনি বলেন যেভাবে দিনের পর দিন গাছ কাটা হচ্ছে তা বিশ্ব উষ্ণায়নের মাত্রা আরও বাড়াচ্ছে। মুখ্যমন্ত্রীর সঙ্গে মন্ত্রীসভার অন্যান্য সদস্যরাও এই কর্মসূচীতে অংশ নেন।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *

**Chief Justice oath :**

বিচারপতি মামিদান্না সত্যরত্ন শ্রী রামাচন্দ্র রাও আজ ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি হিসেবে শপথ নিলেন। রাজভবনের দরবার হলে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু প্রধান বিচারপতিকে শপথ বাক্য পাঠ করান।

######Byte####

শপথ গ্রহন অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা, কৃষিমন্ত্রী রতন লাল নাথ, উপজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা, পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি টি অমরনাথ গৌড়, বিচারপতি সব্যসাচী দত্ত পুরকায়স্থ, বিচারপতি বিশ্বজিৎ পালিত, প্রাক্তন বিচারপতি অরিন্দম লোধ প্রমুখ উপস্থিত ছিলেন। বিচারপতি মামিদান্না সত্যরত্ন শ্রী রামাচন্দ্র রাও এর আগে ঝাড়খন্ড হাইকোর্টের প্রধান বিচারপতির দায়িত্বে ছিলেন।

****************************

**Bikash Debbarma :**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা আজ তেলিয়ামুড়া আর.ডি. ব্লকের অন্তর্গত নয়নপুর এলাকার নাগরিক পরিকাঠামো, নয়নপুর বাজারের কিছু গুরুত্বপূর্ণ সমস্যা, মহিলাদের স্বনির্ভরতা, যুব সমাজের ভবিষ্যৎ সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে জনসাধারণের সঙ্গে আলোচনা করেন। তিনি জানান, রাজ্য সরকার মহিলাদের আর্থিক ও সামাজিকভাবে শক্তিশালী করে তুলতে যে সমস্ত প্রকল্প চালু করেছে, সেগুলি নয়নপুর এলাকাতেও সেগুলির বাস্তবায়ন করা হবে। তিনি যুব সমাজকে নেশার কবল থেকে রক্ষা করার আহ্বান জানিয়ে বলেন, সুস্থ যুব সমাজই গড়ে তুলবে সুস্থ ত্রিপুরা। নয়নপুর বাজারের কিছু পুরনো সমস্যা সম্পর্কে অবগত হয়ে মন্ত্রী তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট দপ্তরকে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার নির্দেশ দেন এবং বিধায়ক তহবিল থেকে আর্থিক সহায়তার আশ্বাসও দেন বাজার ব্যবসায়ীদের। বৈঠকে কৃষ্ণপুর মণ্ডলের সভাপতি ধনঞ্জয় দাস, সহ-সভাপতি গোপাল দাস, মহিলা মোর্চার নেত্রী সবিতা দাস প্রমুখ উপস্থিত ছিলেন।

******************************

**Review Meeting :**

পঞ্চায়েত মন্ত্রী কিশোর বর্মণ বলেছেন, নলছড় পঞ্চায়েত সমিতিতে B ক্যাটাগরির সমস্ত পঞ্চায়েতকে A ক্যাটাগরিতে উন্নীত করার লক্ষ্যে কাজ চলছে। আজ নলছড় ব্লক ভিত্তিক পঞ্চায়েত দপ্তরের কাজকর্মের পর্যালোচনা বৈঠক শেষে আকাশবাণীকে এক সাক্ষাৎকারে তিনি একথা বলেছেন।

#####Byte–Kishore Barman#####

বৈঠকে উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত, নলছড় ব্লক পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন স্বপন কুমার দাস, ভাইস–চেয়ারপার্সন রীনা দেবনাথ।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ–আই–আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে–এ এ–আই–আর–নিউজ–এলার্টস–এ। ইউ–টিউব–এ লক্ষ্য করুন নিউজ–অন–এআইআর–অফিসিয়াল–এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ–আই–আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*******************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, দেশ ও সমাজের জন্য জীবন উৎসর্গ করাই জীবনযাপনের সর্বোত্তম উপায়। রাষ্ট্রপতি ভবনে ২০১৮–২০২১ সালের এবং

৫২ তম রাষ্ট্রপতি স্কাউটস অ্যান্ড গাইডস পুরস্কার প্রদান অনুষ্ঠানে ভাষণ দেওয়ার সময় তিনি একথা বলেন। অনুষ্ঠানে রাষ্ট্রপতি ভারত স্কাউটস অ্যান্ড গাইডসের ১৬ জন স্কাউট, গাইড, রোভার এবং রেঞ্জারকে তাদের শৃঙ্খলা, সমাজসেবা, নেতৃত্ব এবং মূল্যবান অবদানের জন্য পুরষ্কার এবং শংসাপত্র প্রদান করেন। রাষ্ট্রপতি বলেন, ভারত স্কাউটস অ্যান্ড গাইডসের মতো সংগঠনগুলি তরুণদের মধ্যে নিঃস্বার্থ সেবা এবং দেশপ্রেমের আদর্শ এবং নৈতিক মূল্যবোধ জাগিয়ে তোলে। তিনি সংগঠনে মেয়েদের চিত্তাকর্ষক অনুপাতের কারণে প্রদর্শিত লিঙ্গ সমতার প্রশংসা করেন।

*****************************

**PM, tour :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল যুক্তরাজ্য সফরে যাচ্ছেন। দু'দিনের এই সফরে তিনি যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী কেয়ার স্টারমারের সঙ্গে আলোচনা করবেন এবং রাজা তৃতীয় চার্লসের সঙ্গে সাক্ষাৎ করবেন। বিদেশ সচিব বিক্রম মিস্রি আজ নতুনদিল্লিতে সংবাদমাধ্যমকে বলেন, প্রধানমন্ত্রী মোদী ভারত ও যুক্তরাজ্যের ব্যবসায়ী নেতাদের সঙ্গেও মতবিনিময় করবেন। তিনি বলেন, এটি প্রধানমন্ত্রী মোদীর চতুর্থ যুক্তরাজ্য সফর।

পররাষ্ট্র সচিব বলেন, এই সফরের মাধ্যমে উভয় নেতা ভারত-যুক্তরাজ্য দ্বিপাক্ষিক সম্পর্কের সম্পূর্ণ দিক পর্যালোচনা করতে এবং এটিকে আরও শক্তিশালী করার উপায় নিয়ে আলোচনা করতে পারবেন। তারা আঞ্চলিক ও বৈশ্বিক প্রাসঙ্গিক বিষয়গুলি নিয়েও মতবিনিময় করবেন।

শ্রী মিস্রি বলেন যে সাউদাম্পটন বিশ্ববিদ্যালয় সম্প্রতি গুরুগ্রামে একটি ক্যাম্পাস খুলেছে। নতুন শিক্ষা নীতির আওতায় ভারতে ক্যাম্পাস খোলার ক্ষেত্রে এটিই প্রথম বিদেশী বিশ্ববিদ্যালয়। তিনি বলেন, আরও বেশ কয়েকটি যুক্তরাজ্যের বিশ্ববিদ্যালয় ভারতে ক্যাম্পাস খোলার কথা বিবেচনা করছে। তিনি বলেন, ২০২৩-২৪ সালে ভারত-যুক্তরাজ্য দ্বিপাক্ষিক বাণিজ্য ৫৫ বিলিয়ন ডলার ছাড়িয়েছে।

পররাষ্ট্র সচিব আরও বলেন যে, প্রতিরক্ষা ক্ষেত্রে ভারত ও যুক্তরাজ্যের মধ্যে নিয়মিত যোগাযোগ রয়েছে। যুক্তরাজ্য ভারতের জন্য একটি খুব বড় গবেষণা ও উদ্ভাবনী অংশীদার।

সফরের দ্বিতীয় পর্যায়ে, প্রধানমন্ত্রী মালদ্বীপের রাষ্ট্রপতি মোহাম্মদ মুইজ্জুর আমন্ত্রণে ২৫ থেকে ২৬ জুলাই মালদ্বীপ সফর করবেন। প্রধানমন্ত্রী ২৬শে জুলাই মালদ্বীপের স্বাধীনতার ৬০তম বার্ষিকী উদযাপনে 'সম্মানিত অতিথি' হিসেবে উপস্থিত থাকবেন।

বিদেশ সচিব বলেন, ভারত মালদ্বীপের অন্যতম বৃহত্তম বাণিজ্যিক অংশীদার। দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ প্রায় ৫০ কোটি ডলার।

********************************

**Parliament Session :**

সংসদের বর্ষাকালীন অধিবেশনে আজ উভয় কক্ষের কাজ বিরোধীদের হট্টগোলে বিপর্যস্ত হয়ে পড়ে এবং লোকসভা ও রাজ্যসভা দিনের জন্য মুলতবি হয়ে যায়। বিরোধী দলগুলি অপারেশন সিন্দুর এবং বিহারে বিশেষ নিবিড় সংশোধন উদ্যোগ এবং অন্যান্য বিষয় নিয়ে আলোচনার দাবি জানান। সকাল ১১টায় লোকসভা শুরু হলে, বিরোধী সাংসদরা সংসদে হট্টগোল শুরু করেন। অধ্যক্ষ তখন প্রথমবারের মতো সভা মুলতবি ঘোষণা করেন। মুলতুবির পর বেলা দুটোয় যখন দ্বিতীয়বার লোকসভার কাজ শুরু হয়, তখন বিরোধী সদস্যরা তাদের দাবির পক্ষে আবারও স্লোগান দিতে শুরু করেন। প্রিসাইডিং অফিসার জগদম্বিকা পাল সদস্যদের সংসদের কার্যক্রম পরিচালনা করার এবং তাদের আসনে ফিরে যাওয়ার আহ্বান জানান।

তিনি আশ্বস্ত করেন যে বিষয়গুলি নিয়ে আলোচনা করা হবে। সভাপতি আরও বলেন যে সরকার অপারেশন সিঁদুর নিয়ে আলোচনার অনুমতি দিতে প্রস্তুত, যার জন্য কার্য উপদেষ্টা কমিটির বৈঠকে সিদ্ধান্ত অনুসারে বিতর্কের জন্য ১৬ ঘন্টা সময় বরাদ্দ করা হয়েছে।

সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু এই বিঘ্নের নিন্দা করে অভিযোগ করেছেন যে বিরোধী দলগুলি আলোচনা চায় না।

সভাপতির বারবার আবেদনের পর, বিরোধীরা স্লোগান দিতে থাকে এবং ওয়েলে চলে যায়। হট্টগোল অব্যাহত থাকায় সভাপতি দিনের জন্য অধিবেশন মুলতবি করেন।

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা বিরোধীদের কাছে প্রশ্নোত্তর পর্বের অনুমতি দেওয়ার আবেদন জানান।

রাজ্যসভাতেও আজ বিরোধী দলগুলি বিহারে বিশেষ নিবিড় সংশোধন এবং অপারেশন সিন্দুর নিয়ে আলোচনার দাবিতে সংসদে বিক্ষোভ দেখায়। আজ সকাল ১১টায় যখন সংসদের অধিবেশন শুরু হয়, তখন কংগ্রেস, ডিএমকে, আরজেডি, সমাজবাদী পার্টি এবং অন্যান্য বিরোধী দলগুলি স্লোগান দিতে শুরু করে। ডেপুটি চেয়ারম্যান হরিবংশ বিক্ষোভকারী সদস্যদের সংসদের কার্যক্রম পরিচালনার অনুমতি দেওয়ার জন্য অনুরোধ করেন, কিন্তু তা ব্যর্থ হয়। কোলাহলের মধ্যে সভাপতি দুপুর ১২টা পর্যন্ত অধিবেশন মুলতবি করেন। প্রথম মুলতবির পর অধিবেশন শুরু হলে, বিরোধী সদস্যরা আবারও আলোচনার জন্য চাপ দেন। প্রিজাইডিং অফিসার ঘনশ্যাম তিওয়ারি প্রশ্নোত্তর পর্ব শুরু করার চেষ্টা করেন কিন্তু বিরোধীদের অব্যাহত প্রতিবাদের কারণে তা সম্পন্ন হয়নি। ইতিমধ্যে, সভাপতি উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড়ের পদত্যাগের বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রকের বিজ্ঞপ্তি সম্পর্কেও সংসদকে অবহিত করেন। হট্টগোলের মধ্যে সভাপতি দুপুর ২টা পর্যন্ত অধিবেশন মুলতবি করেন। দুপুর ২টায় অধিবেশন শুরু হলে একই রকম দৃশ্য দেখা যায়, যার ফলে বাধ্য হয়ে অধিবেশন দিনের জন্য মুলতবি করা হয়।

**************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৭শে জুলাই, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে

মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৪তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গর্ভ বা নমো অ্যাপে এমাসের ২৫ তারিখ পর্যন্ত মতামত জানানো যাবে।

*****************************

**Students Felicitation :**

কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে আজ অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদের উদ্যোগে "কৃতি বিদ্যার্থী সংবর্ধনা" অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে এ বছর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ৫৯৭ কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা জানানো হয়। উদ্বোধন করেন ABVP'র ত্রিপুরা প্রান্তের সংগঠন মন্ত্রী তুষার ভৌমিক। বক্তব্য রাখেন, সংগঠনের প্রদেশ সহ-সম্পাদক দীপ্তনু শুক্লদাস, রামকৃষ্ণ মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ডক্টর পিনাকী পাল প্রমুখ।

**************************

**Sudhanshu Das :**

মৎস্য মন্ত্রী সুধাংশু দাস বলেছেন বিভিন্ন জনকল্যাণকর প্রকল্পগুলি মানুষের কাছে পৌঁছে দেওয়াই সরকারের মূল লক্ষ্য। আজ পশ্চিম জেলার জেলাশাসকের কনফারেন্স হলে অনুষ্ঠিত পশ্চিম ত্রিপুরা জেলা ভিত্তিক প্রাণিসম্পদ বিকাশ, তফশিলী জাতি কল্যাণ ও মৎস্য দপ্তরের পর্যালোচনা বৈঠকে পৌরহিত্য করেন তিনি। মন্ত্রী শ্রী দাস বলেন গত বছরের কাজের খতিয়ান এবং চলতি বছরে কাজের রূপরেখা নিয়ে বৈঠকে পর্যালোচনা করা হয়।

*************************

**Rakhal Shield :**

উমাকান্ত মিনি স্টেডিয়ামে আজ রাখাল শিল্ড নকআউট ফুটবল প্রতিযোগিতার ফাইনাল খেলা অনুষ্ঠিত হচ্ছে। ফরোয়ার্ড ক্লাব ২-০ গোলে এগিয়ে রয়েছে। প্রথমার্ধে ফরওয়ার্ড ক্লাব গোল করে।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় দক্ষিণ জেলা, খোয়াই, পশ্চিম জেলা, গোমতী ও সিপাহীজলা জেলাতে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৪ ডিগ্রি সেলসিয়াস। আজ বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টি হয়েছে ২.১ মিলিমিটার।

*****************************